# SAMPLE PAPER - 1

## Semester-I

**Time : 1 Hour 15 mins** **F.M. : 40**

1. 'বেদ' শব্দের অর্থ কী?
Ⓐ ব্রহ্মজ্ঞান Ⓑ ব্রহ্মের স্বরূপ
Ⓒ ব্রহ্মের অস্তিত্ব Ⓓ ব্রহ্মের আলোচনা

2. ভারতীয় 'হিন্দু' শব্দটির উদ্ভব হয়েছে যে শব্দ থেকে তা হল
Ⓐ সিন্ধু Ⓑ বিন্দু Ⓒ আর্য Ⓓ অনার্য

3. বেদের কয়টি অংশ?
Ⓐ দুটি Ⓑ তিনটি Ⓒ চারটি Ⓓ একটি

4. ভারতীয় মতে 'দর্শন' শব্দটির অর্থ হল—
Ⓐ দেখা Ⓑ সত্য উপলব্ধি
Ⓒ সত্যের প্রতি অনুরাগ Ⓓ জ্ঞানের প্রতি অনুরাগ

5. এদের মধ্যে কোন্‌টি বেদ নয়?
Ⓐ ঋক্ Ⓑ সাম Ⓒ অথর্ব Ⓓ উপনিষদ

6. বেদের মন্ত্র ও ব্রাহ্মণ অংশকে কী বলা হয়?
Ⓐ জ্ঞানকান্ড Ⓑ কর্মকান্ড Ⓒ যজ্ঞকান্ড Ⓓ ধর্মকান্ড

7. ভারতীয় দর্শনে আস্তিক সম্প্রদায়ের সংখ্যা হল
Ⓐ দুটি Ⓑ তিনটি Ⓒ ছয়টি Ⓓ আটটি

8. নাস্তিক শিরোমণি বলা হয় ______ দর্শনকে।
Ⓐ চার্বাক Ⓑ বৌদ্ধ Ⓒ জৈন Ⓓ বৈষ্ণবকে

9. ভারতীয় দর্শনে মূল প্রমাণের সংখ্যা হল
Ⓐ তিনটি Ⓑ চারটি Ⓒ পাঁচটি Ⓓ ছয়টি

10. চার্বাক মতে প্রমাণ হল
Ⓐ একটি Ⓑ দুটি Ⓒ তিনটি Ⓓ পাঁচটি

11. বৌদ্ধদর্শনের প্রবর্তক হলেন
Ⓐ পতঞ্জলি Ⓑ শঙ্করাচার্য
Ⓒ গৌতম বুদ্ধ Ⓓ মহর্ষি গৌতম

12. ভারতীয় দর্শনে যথার্থ জ্ঞানকে কী বলে?
Ⓐ প্রমা Ⓑ প্রমাণ Ⓒ প্রমেয় Ⓓ প্রমাতা

13. সেশ্বর সাংখ্য বলা হয়
Ⓐ ন্যায়দর্শনকে Ⓑ যোগদর্শনকে
Ⓒ বৈশেষিক দর্শনকে Ⓓ মীমাংসা দর্শনকে

14. আগম অর্থে বোঝানো হয়
Ⓐ প্রত্যক্ষকে Ⓑ অনুমানকে Ⓒ উপমানকে Ⓓ শব্দকে

15. কোন্ দর্শনকে 'সর্বশাস্ত্র প্রদীপস্বরূপ' বলা হয়?
Ⓐ সাংখ্য Ⓑ যোগ Ⓒ ন্যায় Ⓓ বৈশেষিক

16. আস্তিক অথচ ঈশ্বরে অবিশ্বাসী কোন্ সম্প্রদায়?
Ⓐ সাংখ্য Ⓑ যোগ Ⓒ ন্যায় Ⓓ বৈশেষিক

17. জৈনদর্শনের প্রথম তীর্থংকর কে?
Ⓐ কপিল Ⓑ ঋষভদেব Ⓒ গৌতম Ⓓ পার্শ্বনাথ

18. মীমাংসা দর্শনের অন্য নাম হল ______।
Ⓐ উত্তরমীমাংসা Ⓑ পূর্বমীমাংসা
Ⓒ মধ্যমীমাংসা Ⓓ শেষ মীমাংসা

19. ভারতীয় আস্তিক সম্প্রদায়গুলির মধ্যে কোন্ দর্শনকে প্রমাণশাস্ত্র বলা হয়?
Ⓐ সাংখ্য Ⓑ যোগ Ⓒ ন্যায় Ⓓ বৈশেষিক

20. প্রমেয় কাকে বলে?
Ⓐ প্রমার বিষয়কে Ⓑ প্রমার করণকে
Ⓒ প্রমার ফলকে Ⓓ প্রমার উদ্দেশ্যকে

21. স্তম্ভ মেলাও :

| Column A | Column B |
|---|---|
| a. চার্বাক দর্শন | (i) ঔলুক্য দর্শন |
| b. বৈশেষিক দর্শন | (ii) অক্ষপাদ দর্শন |
| c. ন্যায়দর্শন | (iii) পাতঞ্জল দর্শন |
| d. যোগদর্শন | (iv) বার্হস্পত্য দর্শন |

Ⓐ (a)-(i), (b)-(ii), (c)-(iii), (d)-(iv)
Ⓑ (a)-(ii), (b)-(i), (c)-(iii), (d)-(iv)
Ⓒ (a)-(iv), (b)-(i), (c)-(ii), (d)-(iii)
Ⓓ (a)-(iii), (b)-(iv), (c)-(i), (d)-(ii)

22. স্তম্ভ মেলাও :

| Column A | Column B |
|---|---|
| a. সংযুক্ত সমবায় | (i) শব্দত্ব প্রত্যক্ষ |
| b. সমবায় | (ii) দ্রব্য প্রত্যক্ষ |
| c. সংযোগ | (iii) শব্দ প্রত্যক্ষ |
| d. সমবেত-সমবায় | (iv) গুণ প্রত্যক্ষ |

Ⓐ (a)-(iv), (b)-(iii), (c)-(ii), (d)-(i)
Ⓑ (a)-(i), (b)-(ii), (c)-(iii), (d)-(iv)
Ⓒ (a)-(ii), (b)-(iii), (c)-(iv), (d)-(i)
Ⓓ (a)-(iv), (b)-(i), (c)-(ii), (d)-(iii)

23. নীচের প্রশ্নটি একটি বিবৃতি (A) এবং একটি কারণ (R) নিয়ে গঠিত। নীচে প্রদত্ত সঠিক বিকল্প নির্ধারণের মাধ্যমে প্রশ্নটির উত্তর দাও।

বিবৃতি (A) : ন্যায় ও বৈশেষিক দর্শনকে সমানতন্ত্র রূপে গণ্য করা হয়।

কারণ (R) : জীবাত্মা, পরমাত্মা, জগৎ, মোক্ষ ও মোক্ষসাধনমার্গ সম্বন্ধে উভয় দর্শনই অভিন্ন অভিমত পোষণ করে।

Ⓐ A এবং R দুটিই সঠিক এবং R হল A এর সঠিক কারণ।
Ⓑ A এবং R দুটিই সঠিক কিন্তু R, A এর সঠিক কারণ নয়।
Ⓒ A সঠিক কিন্তু R ভুল।
Ⓓ A এবং R উভয়ই ভুল।

24. নীচে প্রদত্ত A, B, C, D নামক চারটি বিকল্পে কিছু তথ্য দেওয়া আছে। কোন্ বিকল্পটির সমস্ত তথ্য সঠিক তা নির্বাচন করো।

Ⓐ প্রমাণ বিষয়ক আলোচনাই প্রধান বলে ন্যায় দর্শনকে প্রমাণশাস্ত্ররূপে গণ্য করা হয়। মাধবাচার্য তাঁর সর্বদর্শন-সংগ্রহ গ্রন্থে ন্যায়দর্শনকে 'অক্ষপাদ দর্শন' বলেছেন।
Ⓑ প্রমাণ বিষয়ক আলোচনাই প্রধান বলে ন্যায় দর্শনকে প্রমাণশাস্ত্ররূপে গণ্য করা হয়। গঙ্গেশ উপাধ্যায় তাঁর যুগান্তকারী গ্রন্থ তত্ত্বচিন্তামণি গ্রন্থে ন্যায়দর্শনকে 'অক্ষপাদ দর্শন' বলেছেন।
Ⓒ প্রমাণ বিষয়ক আলোচনাই প্রধান বলে ন্যায়দর্শনকে প্রমাণশাস্ত্র রূপে গণ্য করা হয়। বিশ্বনাথ তাঁর ভাষাপরিচ্ছেদ গ্রন্থে ন্যায়দর্শনকে 'অক্ষপাদ দর্শন' বলেছেন।
Ⓓ প্রমাণবিষয়ক আলোচনাই প্রধান বলে ন্যায়দর্শনকে প্রমাণশাস্ত্র রূপে গণ্য করা হয়। অন্নংভট্ট তাঁর তর্কসংগ্রহ গ্রন্থে ন্যায়দর্শনকে 'অক্ষপাদ দর্শন' বলেছেন।

25. চক্ষু-ইন্দ্রিয়ের সঙ্গে ঘটরূপের সন্নিকর্ষ কী?

Ⓐ সংযোগসন্নিকর্ষ
Ⓑ সমবায় সন্নিকর্ষ
Ⓒ সমবেত-সমবায় সন্নিকর্ষ
Ⓓ সংযুক্ত-সমবায় সন্নিকর্ষ

26. কর্ণইন্দ্রিয়ের সঙ্গে দ্রব্যস্থ গুণত্বজাতির সম্বন্ধের নাম কী?

Ⓐ সমবায় সন্নিকর্ষ
Ⓑ সংযোগ সন্নিকর্ষ
Ⓒ সংযুক্ত-সমবেত-সমবায় সন্নিকর্ষ
Ⓓ বিশেষ্য-বিশেষণভাব সন্নিকর্ষ

27. 'ন্যায়সূত্র' গ্রন্থের রচয়িতা হলেন

Ⓐ মহর্ষি গৌতম Ⓑ মহর্ষি কপিল
Ⓒ গঙ্গেশ উপাধ্যায় Ⓓ কুমারিল ভট্ট

28. যে বস্তুর প্রত্যক্ষে কোনো গুণ ধর্মের উল্লেখ করা যায় না, তা হল

Ⓐ প্রত্যক্ষ Ⓑ নির্বিকল্পক প্রত্যক্ষ
Ⓒ সবিকল্পক প্রত্যক্ষ Ⓓ শব্দ প্রত্যক্ষ

29. নহেতুর সঙ্গে সাধ্যের নিয়ত সহচরকে বলা হয়—

Ⓐ ব্যাপ্তি Ⓑ পরামর্শ
Ⓒ তর্ক Ⓓ পক্ষতা

30. ব্যাপ্তিবিশিষ্ট পক্ষধর্মতা জ্ঞানকে বলা হয়—

Ⓐ ব্যাপ্তিসম্বন্ধ Ⓑ পরামর্শ
Ⓒ পক্ষধর্মতা Ⓓ অলৌকিক সন্নিকর্ষের জ্ঞান

31. 'আমি চিন্তা করি, অতএব আমি আছি'— অভিমতটি কার?

(a) দেকার্তের (b) স্পিনোজার
(c) ব্রাডলির (d) কান্টের

32. 'অধিবিদ্যা' গ্রন্থটির রচয়িতা হলেন

Ⓐ প্লেটো Ⓑ অ্যারিস্টট্‌ল
Ⓒ কান্ট Ⓓ ব্রাডলি

33. পাশ্চাত্য দর্শনের জনক কাকে বলা হয়?

Ⓐ অ্যারিস্টট্‌ল Ⓑ থেলিস
Ⓒ দেকার্ত Ⓓ পিথাগোরাস

34. 'আমাদের সকল ধারণা সহজাত' — কার অভিমত?

Ⓐ লক্ Ⓑ দেকার্ত
Ⓒ কান্ট Ⓓ লাইবনিজ

35. 'জন্মের সময় মানুষের মন থাকে সাদা কাগজের মতো'— এ কথা বলেছেন

Ⓐ দেকার্ত Ⓑ স্পিনোজা Ⓒ লক্ Ⓓ লাইবনিজ

36. কার মতে গাণিতিক বচনসমূহ আরোহমূলক?

Ⓐ কান্ট Ⓑ দেকার্ত Ⓒ মিল Ⓓ হিউম

37. 'সব দার্শনিকরাই বুদ্ধিকে জ্ঞানের উৎস বলেছেন'—এটি হল

Ⓐ সত্য Ⓑ যথার্থ Ⓒ মিথ্যা Ⓓ যুক্তিপূর্ণ

38. ভারতীয় দর্শনে মোক্ষ বা মুক্তির উপায় হিসেবে তিনটি পথের কথা বলা হয়েছে সেগুলি হল

Ⓐ মুক্তির উপায় — ভক্তি, জ্ঞান, কর্ম
Ⓑ মুক্তির উপায় — কর্ম, জ্ঞান, ভক্তি
Ⓒ মুক্তির উপায় — জ্ঞান, কর্ম, ভক্তি
Ⓓ মুক্তির উপায় — ভক্তি, কর্ম, জ্ঞান

39. একজন নরমপন্থী বুদ্ধিবাদী দার্শনিক হলেন

Ⓐ ব্রাডলি Ⓑ হিউম Ⓒ কান্ট Ⓓ ভল্‌ফ

40. চিদণুগুলিকে গবাক্ষবিহীন বলেছেন

Ⓐ লাইবনিজ Ⓑ পারমিনাইডিস
Ⓒ প্লেটো Ⓓ সক্রেটিস